



আজ তারেক রহমানের ফেরা ও খালেদা জিয়ার আরোগ্য কামনায় দেশজুড়ে দোয়া



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দীর্ঘদিন পর স্বদেশ প্রত্যাবর্তন এবং দলের চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সুস্থতা কামনায় দেশব্যাপী বিশেষ দোয়ার কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)।

আজ শুক্রবার (২৬ ডিসেম্বর) জুমার নামাজ শেষে রাজধানী ঢাকাসহ সারা দেশের বিভিন্ন মসজিদে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।

বৃহস্পতিবার (২৫ ডিসেম্বর) রাতে গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বিএনপি এ কর্মসূচির কথা জানায়। এতে বলা হয়, রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন ‘গণতন্ত্রের মা’ হিসেবে পরিচিত দেশনেত্রী খালেদা জিয়ার দ্রুত আরোগ্য কামনা এবং দীর্ঘ ১৭ বছর পর বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান পরিবারসহ দেশে প্রত্যাবর্তন উপলক্ষে এই দোয়ার আয়োজন করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, এ কর্মসূচির অংশ হিসেবে জুমার নামাজ শেষে মসজিদে মসজিদে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হবে। এতে বিএনপি ও এর অঙ্গসংগঠন, সহযোগী সংগঠনের সকল স্তরের নেতাকর্মী ছাড়াও সাধারণ ধর্মপ্রাণ মানুষকে অংশগ্রহণের আহ্বান জানানো হয়েছে।